(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০১.১৪(অংশ-২). ১২৭

তারিখঃ ২৮ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

The U.S. Dollar Premium Bond Rules, 2002; The U.S. Dollar Investment Bond Rules, 2002 এবং The Wage Earner Development Bond Rules, 1981 এর আওতায় অনিবাসী বাংলাদেশী এবং বাংলাদেশী বংশোদ্ভুত বিদেশী নাগরিকত্ব গ্রহণকারীদের উর্পাজিত ১ (এক) মিলিয়ন বা তদূর্দ্ধ মার্কিন ডলার বৈদেশিক মুদ্রা দেশে বিনিয়োগকারীদের Commercially Important Person (CIP) নির্বাচনের লক্ষ্যে সরকার এতদ্বারা নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিলঃ

১। শিরোনাম।- এই নীতিমালা "ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ড, ইউ.এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউ.এস ডলার প্রিমিয়াম বন্ডে বিনিয়োগকারী এনআরবি-গণের সিআইপি হিসেবে নির্বাচন সংক্রান্ত নীতিমালা, ২০১৮" হিসেবে অভিহিত হইবে।

২। বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি)-দের শ্রেণী বিন্যাস।- বাণিজ্যিক গুরুত্বপূণ ব্যক্তি (অনাবাসী বাংলাদেশী এবং বাংলাদেশী বংশোদ্ভুত বিদেশী নাগরিক) অতঃপর সিআইপি বলিয়া উল্লিখিত, নির্বাচনের শ্রেণী বিন্যাস হইবে নিম্নরুপ, যথাঃ-

| ক্রম | নির্বাচনের শ্রেণী বিন্যাস |
|---|---|
| (১) | ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড এর ক্ষেত্রে ১ (এক) মিলিয়ন বা তদূর্দ্ধ মার্কিন ডলার বিনিয়োগকারী |
| (২) | ইউ.এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড এর ক্ষেত্রে ১ (এক) মিলিয়ন বা তদূর্দ্ধ মার্কিন ডলার বিনিয়োগকারী |
| (৩) | ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড এর ক্ষেত্রে ৮০ মিলিয়ন (আট কোটি) টাকা বা তদূর্দ্ধ টাকা বিনিয়োগকারী |

৩। এক পঞ্জিকা বৎসরের জন্য সিআইপি নির্বাচনের যোগ্যতা ও অযোগ্যতা।-

(ক) যোগ্যতাঃ ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড রুলস, ২০০২ এর বিধি-১৪(৪); ইউ.এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড রুলস, ২০০২ এর বিধি-১৪ অনুযায়ী ১ (এক) মিলিয়ন বা তদূর্দ্ধ পরিমাণ মার্কিন ডলার বিনিয়োগকারীগণ এবং ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড রুলস, ১৯৮১ (সংশোধিত ২০১১) এর বিধি-১৪(৪) অনুযায়ী ৮০ মিলিয়ন (আট কোটি) টাকা বা তদূর্দ্ধ পরিমাণ টাকা বিনিয়োগকারীগণ সিআইপি নির্বাচনের জন্য সিনিয়র সচিব/সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগে সরকার নির্ধারিত নীতিমালায় পরিশিষ্ট 'ক' ফরমে আবেদন করিবেন।

(খ) অযোগ্যতাঃ

(১) ঋণ খেলাপীগণ, কর খেলাপীগণ ও এন্ট্রি মানি লন্ডারিংকারীগণ সিআইপি (ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড, ইউ.এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডে বিনিয়োগকারী) নির্বাচনের জন্য বিবেচিত

হইবেন না: আবেদনকারীগণ ঋণ খেলাপী ও কর খেলাপী ও এন্ট্রি মানি লন্ডারিং এর সাথে জড়িত কি-না বাংলাদেশ ব্যাংক ও জাতীয় রাজস্ব বোর্ড তা নিশ্চিত করিবে। সিআইপি নির্বাচনের পর কেউ ঋণ খেলাপী ও কর খেলাপী হইলে, তিনি তাৎক্ষণিকভাবে সিআইপি মর্যাদা হারাইবেন;

(২) কোন সিআইপি কোন ফৌজদারী অপরাধের জন্য কোন ট্রাইব্যুনাল বা আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হইলে এবং সাজা ভোগ করিবার পর অন্যূন ৫ (পাঁচ) বছর অতিবাহিত না হইলে সিআইপি নির্বাচনের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না;

(৩) সিআইপি হিসেবে আবেদনকারী ভুল/মিথ্যা তথ্য প্রদান করিলে এবং উহা প্রমাণিত হইলে তাহাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং ঐ আবেদনকারী পরবর্তী ৩ (তিন) বৎসর সিআইপি নির্বাচনের জন্য আবেদন করিতে পারিবেন না। ইহা ছাড়া সিআইপি নির্বাচিত হওয়ার পর তৎকর্তৃক প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হইলে তাহার মনোনয়ন বাতিল করা হইবে;

(৪)সিআইপি আবেদনপত্রে আবেদনকারীকে তার TIN নম্বর, সংশ্লিষ্ট কর বৎসরের আয়কর রিটার্নের প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), NID নম্বর, তাহার পিতা ও মাতার পূণ নাম উল্লেখ করিতে হইবে এবং ইহাতে কোন অবস্থাতেই সংক্ষিপ্ত নাম ব্যবহার করা যাইবে না। কোন প্রকার সংক্ষিপ্ত নাম ব্যবহার করিলে (যেমন- আবুল বাশার মো: জাহাঙ্গীর এর পরিবর্তে এ.বি.এম জাহাঙ্গীর লিখলে) তাহার আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

(৫)নতুন আবেদনকারী ও সিআইপি কার্ড নবায়নের জন্য আবেদনকারীগণ সিআইপি নির্বাচনের জন্য ক্যালেন্ডারে উল্লিখিত সময়ের মধ্যে নির্ধারিত ফরম অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করিবেন;

(৬) সিআইপি তালিকা প্রশাসনিক মন্ত্রণালয়ের বাছাই কমিটির (অনুচ্ছেদ-৪ দ্রষ্টব্য) সুপারিশসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার পর নতুন কোন আবেদনপত্র বিবেচনা করা হইবে না।

৪। সিআইপি নির্বাচন প্রক্রিয়া: সিআইপি নির্বাচন প্রক্রিয়া অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ২ (দুই) টি কমিটির মাধ্যমে সম্পন্ন করিবে:

(ক) প্রাথমিক বাছাই কমিটি।-

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ নিম্নোক্ত কমিটির মাধ্যমে প্রাথমিকভাবে সিআইপি বাছাই করিবেঃ

| | |
|---|---|
| (১) যুগ্ম সচিব (সঞ্চয়), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ- | সভাপতি |
| (২) বাংলাদেশ ব্যাংকের যুগ্ম-পরিচালক পদমর্যাদার একজন প্রতিনিধি- | সদস্য |
| (৩) উপ-পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর- | সদস্য |
| (৪) উপ-সচিব (সঞ্চয়), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ- | সদস্য সচিব |

প্রাথমিক বাছাই কমিটি প্রাপ্ত আবেদন পরীক্ষা নিরীক্ষাপূর্বক তালিকা প্রস্তুত করে ক্ষেত্রমতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ ব্যাংক এবং জাতীয় রাজস্ব বোর্ডে নিকট হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহেরে নিমিত্ত প্রেরণ করিবে।

(খ) চূড়ান্ত বাছাই কমিটি।-

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ নিম্নোক্ত কমিটির মাধ্যমে চূড়ান্তভাবে সিআইপি বাছাই করিবেঃ

| | |
|---|---|
| (১) অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব (সঞ্চয়), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ- | সভাপতি |
| (২) বাংলাদেশ ব্যাংকের যুগ্ম-পরিচালক পদমর্যাদার একজন প্রতিনিধি- | সদস্য |
| (৩) পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর- | সদস্য |
| (৪) প্রথম সচিব (কর), জাতীয় রাজস্ব বোর্ড- | সদস্য |

(৫) পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি- | উপসচিব পদমর্যাদার নিচে নয়। | সদস্য

| | | |
|---|---|---|
| (৫) পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি- | উপসচিব পদমর্যাদার নিচে নয়। | সদস্য |
| (৬) জননিরাপত্তা বিভাগের একজন প্রতিনিধি | | সদস্য |
| (৭) বাণিজ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | | সদস্য |
| (৮) শিল্প মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি- | | সদস্য |
| (৯) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | | সদস্য |

(১০) উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (সঞ্চয়), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ- সদস্য সচিব

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে মন্তব্য/তথ্যাদি পাবার পর চূড়ান্ত বাছাই কমিটি সিআইপি নির্বাচনের জন্য তালিকা প্রণয়ন করিয়া বিবেচনার জন্য অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করিবে।

৫। সিআইপি নির্বাচন সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী।-

(১) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বাছাই কমিটি কর্তৃক সুপারিশের ভিত্তিতে সিআইপি নির্বাচন করা হইবে;

(২) একই ব্যক্তি ইউএস ডলার প্রিমিয়াম বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এবং ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডে বিনিয়োগের ক্ষেত্রে সিআইপি নির্বাচনের জন্য বিবেচিত হইলে বাছাই কমিটি যে কোন একটি বন্ডের বিনিয়োগ বিবেচনায় তাহাকে সিআইপি নির্বাচনের জন্য মনোনীত করিবেন;

(৩)এই নীতিমালার আওতায় কোন বিনিয়োগকারী সিআইপি নির্বাচিত হওয়ার পর তাঁহার ক্রয়কৃত বন্ডের অংশ বিশেষ বা সমূদয় বন্ড নগদায়নের কারণে বিনিয়োগের সীমা ১ (এক) মিলিয়ন মার্কিন ডলারের নীচে নামিয়া গেলে নামিয়া যাইবার তারিখ হইতে ৩ (তিন) মাস পর তাঁহার সিআইপি সুবিধা বাতিল বলিয়া গণ্য হইবে;

(৪) সিআইপিগণ প্রদত্ত সুবিধাদি তাঁদের বিনিয়োগ বিদ্যমান থাকা সাপেক্ষে এক বছরের জন্য বহাল থাকিবে; এবং

(৫) সিআইপি কার্ডের মেয়াদকাল উত্তীর্ণ হইবার পর ১৫ (পনের) দিনের মধ্যে সিআইপি কার্ড অভ্যন্তরীণ সম্পদ বিভাগে জমা প্রদান করিতে হইবে;

(৬) অন্য মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নির্বাচিত সিআইপি একই সময়ে এই বিভাগের সিআইপি হিসেবে নির্বাচিত হইতে পারিবেন না।

৬। সিআইপি-গণের নাম বাংলাদেশ সরকারি গেজেট ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ।-

এই নীতিমালার আওতায় ইউএস ডলার প্রিমিয়াম বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এবং ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডে বিনিয়োগকারীগণের মধ্য হইতে নির্বাচিত সিআইপি-গণের তালিকা অভ্যন্তরীণ সম্পদ বিভাগ প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ সরকারী গেজেটে প্রকাশ করিবে এবং এ বিভাগের ওয়েব সাইট (www.ird.gov.bd) এ সিআইপি কর্নারে নির্বাচিত/নবায়নকৃত সিআইপিদের নাম ও ছবি প্রকাশ করা হইবে।

৭। সিআইপি নির্বাচন ক্যালেন্ডার।-

নিম্নলিখিত ক্যালেন্ডার মোতাবেক নতুন সিআইপি নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হইবে:

| ক্রম | কাজের বিবরণ | সময়সূচী |
|---|---|---|
| ১. | ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউএস ডলার প্রিমিয়াম বন্ডে ১ (এক) মিলিয়ন মার্কিন এবং ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডে ৮ (আট) কোটি টাকা বা তদুর্দ্ধ পরিমাণ অর্থ বিনিয়োগকারীগণের তালিকা বাংলাদেশ ব্যাংক হতে সংগ্রহ করা। | ১৬ আগস্ট হতে ১৫ সেপ্টেম্বর |
| ২. | বাংলাদেশ ব্যাংক এর তালিকা অনুযায়ী বিনিয়োগকারীগণের নিকট হতে দরখাস্ত আহবান ও গ্রহণ। | ১৬ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর |

| | | |
|---|---|---|
| ৩. | বিনিয়োগকারীগণের নিকট হতে প্রাপ্ত আবেদনপত্র যাচাই বাছাইয়ের জন্য প্রাথমিক বাছাই কমিটির সভা। | ১ অক্টোবর হতে ১৫ অক্টোবর |
| ৪. | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও জাতীয় রাজস্ব বোর্ডের ছাড়পত্র/অনাপত্তি। | ১৬ অক্টোবর হতে ১৫ নভেম্বর |
| ৫. | মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদন গ্রহণ ও মন্ত্রিপরিষদ বিভাগের সিআইপি নির্বাচন কমিটিতে উপস্থাপন। | ১৬ নভেম্বর হতে ৩০ নভেম্বর |
| ৬. | মন্ত্রিপরিষদ বিভাগের কার্যক্রম। | ০১ ডিসেম্বর হতে ৩১ ডিসেম্বর |
| ৭. | প্রজ্ঞাপন জারি ও সিআইপি কার্ড বিতরণ। | ০১ জানুয়ারি হতে ১৫ জানুয়ারি |

৮। সিআইপি কার্ড নবায়ন।-

(ক) সিআইপি কার্ডের মেয়াদ শেষে সংশ্লিষ্ট সিআইপিগণের ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ডে বিনিয়োগ অব্যাহত থাকার প্রেক্ষিতে সিআইপি কার্ড নবায়নের আবেদন করিলে সেক্ষেত্রে এই কার্ড নবায়নের ক্ষেত্রে নতুন সিআইপি নির্বাচন সংক্রান্ত একই প্রক্রিয়া অনুসরণ করা হইবে।

(খ) সিআইপি কার্ড নবায়ন ক্যালেন্ডার।-

নিম্নলিখিত ক্যালেন্ডার মোতাবেক সিআইপি কার্ড নবায়ন প্রক্রিয়া সম্পন্ন করা হইবে:

| ক্রম | কাজের বিবরণ | সময়সূচী |
|---|---|---|
| ১. | ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউএস ডলার প্রিমিয়াম বন্ডে ১ (এক) মিলিয়ন মার্কিন এবং ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ডে ৮ (আট) কোটি টাকা বা তদুর্দ্ধ পরিমাণ অর্থ বিনিয়োগকারীগণ সিআইপি কার্ড নবায়নের আবেদন। | ১ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর |
| ২. | বিনিয়োগকারীগণের নিকট হতে প্রাপ্ত আবেদনপত্র যাচাই বাছাইয়ের জন্য প্রাথমিক বাছাই কমিটির সভা। | ১ অক্টোবর হতে ১৫ অক্টোবর |
| ৩. | সিআইপি কার্ড নবায়নের জন্য আবেদনকৃতদের বন্ডে বিনিয়োগের স্থিতি বাংলাদেশ ব্যাংক হতে যাচাই। | ১৬ অক্টোবর হতে ৩১ অক্টোবর |
| ৪. | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও জাতীয় রাজস্ব বোর্ডের ছাড়পত্র/অনাপত্তি। | ১ নভেম্বরর হতে ৩০ নভেম্বর |
| ৫. | মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদন গ্রহণ। | ১ ডিসেম্বর হতে ৩১ ডিসেম্বর |
| ৬. | প্রজ্ঞাপন জারি ও সিআইপি কার্ড বিতরণ। | ১ জানুয়ারি হতে ২৫ জানুয়ারি |

৯। সিআইপি সংক্রান্ত সুযোগ-সুবিধা।-

নির্বাচিত সিআইপি গণ নিম্নলিখিত সুযোগ-সুবিধা পাইবেনঃ

(১) ইউএস ডলার প্রিমিয়াম বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এবং ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ডে বিনিয়োগকারীগণের মধ্য হইতে নির্বাচিত সিআইপিগণ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক সরকার অনুমোদিত পরিচয়পত্র প্রদান করা হইবে;

(২) সিআইপিগণ সিআইপি কার্ডের মেয়াদকাল পযন্ত বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশপত্র ও গাড়ির স্টিকার পাইবেন;

(৩) সিআইপিগণ বিভিন্ন জাতীয় অনুষ্ঠান ও সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত নাগরিক সম্বধনা এবং বিভিন্ন গুরুত্বপূণ দিবস উপলক্ষ্যে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রিত হইবেন এবং সেবা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাইবেন;

(৪) সিআইপি-দের ভ্রমণে বিমান, রেলপথ, সড়ক ও জলপথে সরকারী যানবাহনে আসন সংরক্ষণে অগ্রাধিকার পাইবেন;

(৫) একজন সিআইপি'র বিদেশ ভ্রমণের জন্য ভিসা প্রাপ্তির নিমিত্তে পররাষ্ট্র মন্ত্রণালয় **তাদের অনুসৃত নিয়মনীতি প্রতিপালন করে** সংশ্লিষ্ট দূতাবাসকে Letter of Introduction ইস্যুর **ব্যবস্থা নিবে**;

(৬) সিআইপিগণ তাঁহাদের স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারী হাসপাতালের কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাইবেন; এবং

(৭) সিআইপিগণ বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ ব্যবহার এবং স্পেশাল হ্যান্ডলিং এর সুবিধা পাইবেন।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরকার যে কোন ব্যক্তিকে প্রদত্ত সিআইপি সুবিধাদি প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করিবে।

১১। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
(মো: মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি)
সিনিয়র সচিব

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০১.১৪(অংশ-২). ১২৯/১(১৪)

তারিখ: ২৮ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ / ১১ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৩। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৫। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। সচিব, বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, নিউ ইস্কাটন, ঢাকা।
১০। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
১১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। মাননীয় অর্থ প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

১১/০৪/১৮
(মো: আবদুল জব্বার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০২১৭

পরিশিষ্ট-ক

পাসপোর্ট সাইজের ছবি

৩ কপি

## বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) আবেদন ফরম

| | | | |
|---|---|---|---|
| ১. | আবেদনকারীর নাম | ঃ | |
| ২. | পিতা/স্বামীর নাম | ঃ | |
| ৩. | মাতার নাম | ঃ | |
| ৪. | ঠিকানা | ঃ | |
| | ক. বৈদেশিক | ঃ | |
| | খ. স্থায়ী | ঃ | |
| | গ. বর্তমান | ঃ | |
| ৫. | মোবাইল/টেলিফোন নম্বর | ঃ | |
| ৬. | ই-মেইল আইডি | ঃ | |
| ৭. | ক্রয়কৃত বন্ডের নাম | ঃ | |
| ৮. | ক্রয়কৃত বন্ডের মুদ্রার মান (দেশীয়/ডলার) | ঃ | |
| ৯. | বন্ড ক্রয়কৃত ব্যাংকের নাম ও প্রত্যয়নপত্র (কপি সংযুক্ত করতে হবে) | ঃ | |
| ১০. | টিআইএন নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) | ঃ | |
| ১১. | ইনকাম ট্যাক্স সার্টিফিকেট (সাম্প্রতিক) | ঃ | |
| ১২. | সরকারের অন্য কোন মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক সিআইপি নির্বাচিত হয়েছেন কিনা | ঃ | |
| ১৩. | এনআইডি/পাসপোর্ট নম্বর (কপি সংযুক্ত করতে হবে) | ঃ | |